

কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জাহান্নামের শাস্তি হবে চিরস্থায়ী

আল্লাহ তা'আলা বলেন,

﴿إِنَّ أَلْمُجْرِمِينَ فِي عَذَابٍ مُّهِينٍ ۗ خَالِدُونَ فِيهَا لَا يُفْتَرُ عَلَيْهِمْ ۗ وَالَّذِينَ فِيهَا يُكْفَرُونَ ۗ هَٰؤُلَاءِ مَن لَّمْ يَأْتِ بِبُرْهَانٍ ۗ وَالَّذِينَ كَفَرُوا بِآيَاتِنَا وَلَكِن كَانُوا هُمُ الظَّالِمِينَ ۗ وَنَادُوا إِلَىٰ مَلِكِهِمْ لِيَقْدِحُوا لَنَا مِنَّا رِبُّكَ ۗ قَالَ إِنَّكُمْ مُّكْثُونَ ۗ لَقَدْ جِئْتُم بِالْحَقِّ وَلَكِنَّ أَكْثَرَكُم أَكْفَرُ ۗ﴾ [الزخرف: ٧٤, ٧٨]

“নিশ্চয় অপরাধীরা জাহান্নামের আযাবে স্থায়ী হবে, তাদের থেকে আযাব কমানো হবে না এবং তাতে তারা হতাশ হয়ে পড়বে। আর আমি তাদের উপর যুলুম করি নি; কিন্তু তারাই ছিল যালিম। তারা চিৎকার করে বলবে, হে মালিক, তোমার রব যেন আমাদেরকে শেষ করে দেন। সে বলবে, নিশ্চয় তোমরা অবস্থানকারী। অবশ্যই তোমাদের কাছে আমি সত্য নিয়ে এসেছিলাম; কিন্তু তোমাদের অধিকাংশই ছিলে সত্য অপছন্দকারী”। [সূরা যুখরুফ, আয়াত: ৭৪-৭৮]

তিনি আরো বলেন,

﴿وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ نَارُ جَهَنَّمَ لَا يُقْفَضُ عَنْهَا ۗ فَيَمُوتُوا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِنْ عَذَابِهَا ۗ كَذَٰلِكَ نَجْزِي ۗ كُلَّ كَافِرٍ ۗ وَهُمْ يَصْطَرِخُونَ فِيهَا رَبَّنَا أَخْرِجْنَا نَعْمَلْ صَالِحًا غَيْرَ الَّذِي كُنَّا نَعْمَلْ ۗ أَوْ لِمَ نَعْمُرُكُمْ مَا يَتَذَكَّرُ فِيهِ مَن تَذَكَّرَ وَجَاءَكُمُ النَّذِيرُ ۗ فَذُوقُوا فَمَا لِلظَّالِمِينَ مِن نَّصِيرٍ ۗ﴾ [فاطر: ٣٦, ٣٧]

“আর যারা কুফুরী করে, তাদের জন্য রয়েছে জাহান্নামের আগুন। তাদের প্রতি এমন কোনো ফয়সালা দেওয়া হবে না যে, তারা মারা যাবে, এবং তাদের থেকে জাহান্নামের আযাবও লাঘব করা হবে না। এভাবেই আমি প্রত্যেক অকৃতজ্ঞকে প্রতিফল দিয়ে থাকি। আর সেখানে তারা আর্তনাদ করে বলবে, হে আমাদের রব, আমাদেরকে বের করে দিন, আমরা পূর্বে যে আমল করতাম, তার পরিবর্তে আমরা নেক আমল করব। (আল্লাহ বলবেন) আমি কি তোমাদেরকে এতটা বয়স দেইনি যে, তখন কেউ শিক্ষা গ্রহণ করতে চাইলে শিক্ষা গ্রহণ করতে পারত? আর তোমাদের কাছে তো সতর্ককারী এসেছিল। কাজেই তোমরা আযাব আশ্বাদন কর, আর যালিমদের কোনো সাহায্যকারী নেই”। [সূরা আল-ফাতির, আয়াত: ৩৬-৩৭]

Source — <https://www.hadithbd.com/books/link/?id=13547>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন